# বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

কেন্দ্রীয় কমিটি

৩১/এফ, তোপখানা রোড, ঢাকা-১০০০। ফোন : ৮৮-০২২২৩৩৮৭৯৭৫, ফ্যাক্স : ৮৮-০২২২৩৩৮৪৬৩২

ই-মেইল : wpartymail@gmail.com,www.wpbd71.org


১৮ এপ্রিল ২০২৩

## শোক বিবৃতি

### নাসিমুল গণির মৃত্যুতে বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির শোক

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সাবেক সদস্য ও রাজনৈতিক-সামাজিক আন্দোলনের সংগঠক নাসিমুল গণির মৃত্যুতে শোক জানিয়েছেন বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি। সোমবার সন্ধ্যায় চট্টগ্রামের একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান প্রগতিশীল ছাত্র ও রাজনৈতিক আন্দোলনের সাবেক নেতা ও গণতান্ত্রিক ছাত্র ইউনিয়নের সাবেক কেন্দ্রীয় নেতা ও বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি সাবেক সদস্য, সমাজ অধ্যয়ন কেন্দ্রের সাবেক সাধারণ সম্পাদক ও সামাজিক আন্দোলনের সক্রিয় সংগঠক নাসিমুল গণি। তাঁর মৃত্যুতে বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন এমপি ও সাধারণ সম্পাদক ফজলে হোসেন বাদশা এমপি গভীর শোক প্রকাশ ও শোকাহত পরিবারেরর প্রতি সমবেদনা জানিয়েছেন। শোক বার্তায় তারা বলেন, নাসিমুল গণি ছাত্রাবস্থা থেকে বাংলাদেশের সকল প্রগতিশীল রাজনৈতিক ও সামাজিক আন্দেলনে সামনের সারিতে থেকে অংশ নিয়েছেন। তাঁর মৃত্যুতে প্রগতিশীল আন্দোলনের অপুরনীয় ক্ষতি হলো।

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি চট্টগ্রাম জেলা কমিটির সভাপতি এডভোকেট আবু হানিফ ও সাধারণ সম্পাদক শরীর চৌহান  নাসিমুল গণির মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। তাঁরা সদ্য প্রয়াত নাসিমুল গণির স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে শোকাহত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়েছেন।

বার্তা প্রেরক

(কামরুল আহসান)